



## Institutional Quality Assurance Cell (IQAC)

কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা  
কোটবাড়ী-৩৫০৬।

স্মারক নং- কু: বি:/ HEQEP/ IQAC/ নিয়োগ/ ২০১৬/০০১

তারিখ:-৩০/০৩/২০১৬খ্রী:

### নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের HEQEP প্রজেক্টের অধীনে Institutional Quality Assurance Cell (IQAC) শীর্ষক উপ-প্রকল্পের জন্য শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা অনুযায়ী সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্প মেয়াদকালীন সময়ের (৩ বৎসর) জন্য নিম্নবর্ণিত পদসমূহে ১(এক) জন করে লোক নিয়োগের নিমিত্তে নিম্নোক্ত শর্তধীনে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে।

ক্রমিক নং	পদ, বিভাগ ও বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১।	Administrative Officer/ Office Manager Salary: 18,000/- consolidated	প্রার্থীকে পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে এবং শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণী অথবা জিপিএ/সিজিপিএ ৩.০০ থাকতে হবে।
০২।	Accountant cum Office Assistant/ Accountant Salary: 14,000/ consolidated	প্রার্থীকে পাবলিক বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য/ব্যবসা প্রশাসনে ২য় বিভাগ/ সমমানসহ কমপক্ষে স্নাতক পাস হতে হবে।
০৩।	Data entry /Computer Operator:-salary:14,000/ consolidated	প্রার্থীকে পাবলিক বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে স্নাতক বা সমমানসহ পরীক্ষায় ২য় বিভাগ/সমমান হতে হবে এবং স্বীকৃত প্রতিষ্ঠান থেকে কম্পিউটার - এ অন্তত ১ (এক) বছরের ডিপ্লোমাদারী হতে হবে। সংশ্লিষ্ট পদে ৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। বাংলা ও ইংরেজী কম্পিউটার টাইপিং- এ যথাক্রমে প্রতিমিনিটে কমপক্ষে ৪০৩ ৫০ শব্দের গতি থাকতে হবে।
০৪।	M L S S Salary: 10,000/ consolidated	প্রার্থীকে কোন স্বীকৃত শিক্ষাবোর্ড হইতে কমপক্ষে ২য় শ্রেণী / বিভাগ বা ইহার সমতুল্য জিপিএ সহ এসএসসি বা ইহার সমতুল্য পরীক্ষায় পাশ হতে হবে। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

### আবেদনের শর্তাবলী:

- আগ্রহী প্রার্থীদের সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র, জাতীয় পরিচয় পত্র বা জন্ম নিবন্ধনপত্র, পাসপোর্ট সাইজের ২(দুই) কপি ছবি, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্রাদি ও নম্বরপত্রের সত্যায়িত কপি এবং জীবন বৃত্তান্তসহ স্ব:হস্তে লিখিত আবেদনপত্র দাখিল করিতে হইবে।
- প্রার্থী সম্পর্কে পরিচয়দানে সক্ষম আত্মীয় নয় এমন দুই জন বিশিষ্ট ব্যক্তির নাম ও ঠিকানা উল্লেখ করিতে হইবে (টেলিফোন. মোবাইল নম্বরসহ) যাহাদের নিকট হইতে প্রার্থীর যোগ্যতা অভিজ্ঞতা ও উপযুক্ততা সম্পর্কে প্রয়োজনীয় তথ্য গ্রহণ করা যাইতে পারে।
- প্রত্যেক পদের জন্য ৫(পাঁচ) সেট করিয়া পূর্ণাঙ্গ আবেদনপত্র দাখিল করিতে হইবে।
- আবেদনপত্রের সাথে প্রার্থীর সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান প্রদত্ত চরিত্র সম্পর্কিত প্রসংশাপত্র এবং চাকরিরত হইলে নিয়োগকারী কর্তৃপক্ষ প্রদত্ত অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করিতে হইবে।
- ২ নং হইতে ০৩ নং প্রার্থীদের কম্পিউটারে এম, এস অফিস, এক্সেল, পাওয়ার পয়েন্ট, ইন্টারনেট ব্রাউজিং, এসপিএসএস প্রোগ্রাম ও বাংলা, ইংরেজিতে লেখা ও টাইপিং দক্ষতা থাকতে হবে। সংশ্লিষ্ট প্রকল্প ব্যবস্থাপনা সম্পর্কে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
- আবেদন পত্র আগামী ২১/০৪/২০১৬ খ্রি: তারিখ বৃহ:স্পতিবার বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে পরিচালক, Institutional Quality Assurance Cell (Temporary Address : Head of the Office, Department of Chemistry Comilla University Comilla) কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা বরাবর পৌছাতে হবে।
- চাকরীরত প্রার্থীদের আবেদনপত্র অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করিতে হইবে।
- অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।
- ০১ নং প্রার্থীকে ইংরেজীতে ও বাংলায় কথা বলা ও লেখায় দক্ষতা এবং IT যোগাযোগের অভিজ্ঞতা থাকতে হবে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল/সংশোধন,পদের সংখ্যা বাড়ানো / কমানোর ক্ষমতা সংরক্ষণ করেন।

পরিচালক

Institutional Quality Assurance Cell (IQAC)

কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা।

কোটবাড়ী-৩৫০৬।

তারিখ:-৩০/০৩/২০১৬ খ্রী:

স্মারক নং: কু: বি:/ HEQEP / IQAC/ নিয়োগ/ ২০১৬/১

অনুলিপি:সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (প্রয়োজ্য ক্ষেত্রে)-

০১। রেজিস্ট্রার- কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা।

০২। পিএসটি ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা।

০৩। সংশ্লিষ্ট নথি।